

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)

স্মারক নং- ৫১.০১.৪৯৫২.০০০.৪২.০১৪.২০- ১২

তারিখ : ১৬ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
২০ জানুয়ারী ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারকে আগামী ২৩ জানুয়ারী ২০২১ তারিখ জমি ও গৃহ প্রদান কার্যক্রমের শুভ উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ প্রসঙ্গে।


সূত্র : জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের স্মারক নং- ৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০১৫.১৮.১০১ (৯) তারিখ : ১৭/০১/২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুজিববর্ষে “বাংলাদেশের একজন মানুষও গৃহহীন থাকবে না” মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নে দেশের সকল ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ২৩ জানুয়ারী ২০২১ তারিখ শনিবার সকাল ১০.৩০ টায় উপকারভোগীর নিকট উক্ত গৃহ হস্তান্তর কার্যক্রমের শুভ উদ্বোধন করবেন।

২। দেশের সকল উপজেলা পরিষদ মিলনায়তন প্রান্ত ভিডিও কনফারেন্সিং এ সংযুক্ত থাকবে। গনভবন প্রান্ত হতে অনুষ্ঠানটি সকাল ১০.৩০ টায় শুরু হবে। স্থানীয়ভাবে মাননীয় সংসদ সদস্য, উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপকারভোগী ও সুধীজনদের নিয়ে উপজেলা প্রান্তে সকাল ৯.০০ টা হতে নিজস্ব অনুষ্ঠান শুরু হবে।

৩। অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষণার পর পর মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে স্থানীয় মাননীয় সংসদ সদস্য, জেলা প্রশাসক, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার উপকারভোগীদের নিকট ফোল্ডার হস্তান্তর করবেন।

৪। এমতাবস্থায়, উক্ত অনুষ্ঠানে সকাল ৯.০০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


(নিলুফা ইয়াছমিন)
উপজেলা নির্বাহী অফিসার
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
২০/১/২০২১

প্রাপক : ১। মাননীয় সংসদ সদস্য, কুড়িগ্রাম-২।

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।

৩। চেয়ারম্যান ইউপি (সকল), কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।

৪। কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।

৫।

সদয় জ্ঞাতার্থে :

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।